জনবল সংকটে হরিণাকুণ্ডু সেটেলমেন্ট অফিস, গ্রাহক ভোগান্তির শিকার

রাষ্ট্রের একটি গুরুত্বপূর্ণ দপ্তর হলো সেটেলমেন্ট অফিস, প্রতিটি মানুষের কিছু না কিছু ভূ-সম্পতি থাকে যার আফিসিয়াল পর্চা এখান থেকে সংগ্রহ করতে হয়। জমিজমার কাগজপত্র এই অফিস থেকেই তোলা হয়। আবার মৌজা ম্যাপ ও জরিপ সংক্রান্ত তথ্যও এখানে থাকে।

কিন্তু ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার এই সেটেলমেন্ট অফিসে পর্যাপ্ত জনবল না থাকায় মানুষ প্রতিদিন চরম হয়রানির শিকার হচ্ছে। গ্রাহকরা পাচ্ছেন না কাঙ্খিত সেবা। উপজেলা সেটেলমেন্ট অফিসে ৬জন জনবল খাতা কলমে থাকলেও ৫জনই অনত্র ডেপুটেশনে চলে গেছে একমাত্র রেকর্ড কিপারই ভরসা। নৈশ প্রহরী দিয়েই গ্রাহকদের কাছ থেকে অতিরিক্ত মূল্যে পর্চা বিক্রয় করা হচ্ছে। অভিযোগ আছে নৈশ প্রহরী রাতে কোন দায়িত্ব পালন করেন না।

সহকারী সেটেলমেন্ট অফিসারের পদ দীর্ঘদিন ধরে শূন্য থাকাই, ঝিনাইদহ সদর উপজেলার সহকারী সেটেলমেন্ট অফিসার আনোয়ার হোসেন এখানে অতিরিক্ত দায়িত্বে আছেন। সপ্তাহের অধিকাংশ দিনই তাকে কর্মস্থলে পাওয়া যায় না।

গত বুধবার সরেজমিনে গিয়ে দেখা যায় রেকর্ড কিপার হাবিবুর রহমান অফিসের সকল দায়িত্ব পালন করছেন। আর অন্য রুমে জনাকীর্ণ পরিবেশে নৈশপ্রহরী বিশ্বজিত কুমার টাকার বিনিময়ে পর্চা বিক্রয় করছেন। এ বিষয়ে অফিসে উপস্থিত রেকর্ড কিপার হাবিবুর রহমান বলেন জনবল না থাকায় আমরা নৈশ প্রহরী দিয়ে কিছু কাজ করিয়ে থাকি। ডেপুটেশনের কথা জানতে চাইলে তিনি বলেন, দুই জন সাভার ট্রেনিং সেন্টারে কর্মরত, ১জন সার্ভেয়ার নড়াইলে, আর ২ জন নাজির তারাও যশোরসহ অনত্র দায়িত্ব পালন করছেন। উন্নয়ন খাতে নিয়োগপ্রাপ্ত নাইট গার্ড দিয়েই কোন রকম চলছে অফিস। ভোগান্তি থেকে বাঁচার জন্য দ্রুত ব্যবস্থা গ্রহণের দাবী এলাকাবাসী।

এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত সহকারী সেটেলমেন্ট অফিসার আনোয়ার হোসেন বলেন জনবল সংকট আছে, তবে একজন রেকর্ড কিপার আছেন তিনিই পর্চা দিয়ে থাকেন। নৈশ প্রহরী পর্চা দেন না বলেও তিনি জানান। উপজেলা

নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানা এ বিষয়ে বলেন হরিণাকুণ্ডু সেটেলমেন্ট অফিসে জনবল সংকটের ব্যাপারে জেলা প্রশাসক মহোদয়কে অবহিত করেছি তিনি প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন বলে আশা করি।

ঝিনাইদহে নারী ও শিশুর প্রতি নির্যাতন প্রতিরোধে মিডিয়া মোবিলাইজেশন

ঝিনাইদহে নারী ও শিশুর প্রতি জেন্ডার ভিত্তিক নির্যাতন প্রতিরোধে পুরুষ এবং কিশোরদের অংশ গ্রহণে মিডিয়া ব্যক্তিদের সাথে মোবিলাইজেশন সভা অনুষ্ঠিত হয়েছে।

বেসরকারি উন্নয়ন সংস্থা ব্র্যাকের সহযোগিতায় ও বাংলাদেশ রুরাল ইকোনমিক ডেভেলপমেন্ট (ব্রেড)’র আয়োজনে গতকাল শনিবার সকালে শহরের ফ্যামেলি জোন মিলনায়তনে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ রুরাল ইকোনমিক ডেভেলপমেন্ট (ব্রেড)’র নির্বাহী পরিচালক শহিদুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন ব্রাকের জেলা সমন্বয়ক রোকেয়া বেগম, ব্র্যাক জেন্ডার জাস্টিস অ্যাড ডাইভারসিটি’র বিভাগীয় ব্যবস্থাপক সেলিম মোল্লা। এছাড়াও অনুষ্ঠানে ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, ইত্তেফাক’র ভ্রাম্যমাণ প্রতিনিধি বিমল সাহা তাদের মতামত প্রদাণ করেন।

এসময় শিশুর যৌন হয়রানী, বাল্যবিবাহ, শিশু সুরক্ষা প্রভৃতি বিষয়ে সচেতনতা বৃদ্ধিতে ভিডিও ক্লিপ ও পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রদর্শন করা হয়।

আলোচনায় বক্তারা বলেন, আমরা বেশি বেশি সচেতনতামূলক আলোচনাসভা ও প্রচারের মাধ্যমে পুরুষ ও কিশোরদের সম্পৃক্ততা বৃদ্ধি করতে পারি তাহলে দেশ থেকে বাল্যবিবাহসহ নির্যাতন হ্রাস পাবে।

ঝিনাইদহে নির্বাচন অফিসে সাধারণ মানুষ হয়রানির শিকার, দেখার কেউ নেই

ঝিনাইদহ সদর উপজেলা নির্বাচন অফিসে সেবা নিতে এসে সাধারন মানুষ পদে পদে হয়রানির শিকার হচ্ছে। অধিকাংশ সময় অফিসে থাকে না অফিসের কর্মকর্তা-কর্মচারীরা। হয়রানির শিকার হলেও দেখার কেউ নেই। বিষয়টি ভুক্তভোগীরা তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহনের দাবি জানিয়েছেন।

জানা গেছে, মঙ্গলবার ঝিনাইদহ সদর উপজেলা নির্বাচন অফিসে নতুন ভোটার হতে যান আসলাম হোসেন নামের এক যুবক। ওইদিন তার ছবি তোলার দিন ছিল। সকাল ১১টা থেকে অফিসে বসে থাকেন তিনি। তাকে জানানো হয় বেলা ৩ টার পর তার ছবি নেওয়া হবে। স্বপনা খাতুন নামের আরেক নারীর জাতীয় পরিচয় পত্র হারিয়ে গেছে। তাই পূর্ণরায় আবেদন করতে যান নির্বাচন অফিসে।

অফিস থেকে তাকে জানানো হয় পুরাতন ডিসি কোর্ট সংলগ্ন জেলা পরিষদ মার্কেটের রংধনু ফটোষ্ট্যাট থেকে আবেদনের ফর্ম সংগ্রহ করতে। তিনি জাতীয় পরিচয়পত্র সংক্রান্ত টাকা জমাদানের ফর্মের মাধ্যমে কোড অনুযায়ী ফি ৩০০ টাকা, ১৫% মুশক ও অনলাইন ফিস ২৩ টাকা জমা দিয়ে নির্বাচন অফিসে আবেদন পত্র জমা দিতে গেলে জানানো হয় সোনালী ব্যাংকে টাকা জমা দিয়েছেন এটি নেওয়া হবে না। টাকা ডাচ বাংলা ব্যাংকে জমা দিতে হবে। ওই মহিলা চরম ভোগান্তির শিকার হন।

আরেক মহিলা তার ভোটার কার্ড সংশোধনের জন্য আসেন নির্বাচন অফিসে। তাকেও এমনিভাবে হয়রানির শিকার হতে হয়েছে। এমনব অভিযোগের শেষ নেই নির্বাচন অফিসের বিরুদ্ধে। নিদির্ষ্ট পরিমান ঘুষের টাকা দিলে কোন ঝামেলা নেই। অভিযোগ রয়েছে দীর্ঘদিন ধরে ঝিনাইদহ নির্বাচন অফিসে কর্মরত রয়েছেন সহকারি কাম কম্পিউটার অপারেটর রবিউল ইসলাম ওরফে রাজন। যার সুবাদে কর্মকর্তা-কর্মচারীরা তাকে দিয়ে সাধারন সেবা গ্রহীতিদের হয়রানি করে থাকেন। হয়রানির ফাঁকে ঘুষ বানিজ্যের কাজও তিনি করেন।

এছাড়া রবিউল ইসলাম স্মার্টকার্ড বিতরণের আগে স্বেচ্ছাসেবক ও সুপারভাইজার নিয়োগের সময় নিজের পছন্দ মত প্রার্থীকে নিয়োগ দেওয়া সহ ভোটার স্থান পরিবর্তনে বিভিন্ন দুর্নীতি করে আসছেন বলেও অভিযোগ রয়েছে। অন্যদিকে মানুষের ভোগান্তি ও অফিস ফাঁকি দিয়ে চলেন অফিসের অধিকাংশ কর্মকর্তা-কর্মচারীরা।

নির্বাচন অফিসার মোঃ মশিয়ার রহমানকে অফিসে পাওয়া যায় না। তবে সকল হয়রানি ও ঘুষ বানিজ্যের কথা অস্বীকার করেছেন সহকারি কাম কম্পিউটার অপারেটর রবিউল ইসলাম। তিনি জানান, যা কিছু করি অফিসের নির্দেশে।

এই বিষয়ে উপজেলা নির্বাচন অফিসার ও প্রধান তথ্য প্রদানকারী কর্মকর্তা মোঃ মশিউর রহমান কাছে জানাতে চাওয়া হলে তিনি ঘুষ বানিজ্যের কথা অস্বীকার করে জানান, অফিস সঠিক নিয়মে চলছে। আমি অফিস ফাঁকি দিয় না। সপ্তাহে ২দিন তদন্তে আমি বাইরে যায়। যার কারনে সেবা গ্রহীতারা আমাকে অফিসে পায় না। তবে সপ্তহে দুইদিন কোথায় সেবা দিতে গিয়েছিলেন তিনি তা সঠিক করে বলতে পারেননি।

কালীগঞ্জে সড়ক দূর্ঘটনায় কলেজ ছাত্র নিহত

ঝিনাইদহের কালীগঞ্জে বুধবার দুপুর একটায় কালীগঞ্জ পৌরসভার সামনে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পার্শ্ববর্তী গাছের সাথে সংঘর্ষে এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন।

ওই স্থানে উপস্থিত মানুষের বরাত দিয়ে জানা যায়, নিহত মোটরসাইকেল আরোহী কালীগঞ্জ বাসস্টান্ড থেকে মোবারকগঞ্জ রেল স্টেশন অভিমুখে যাচ্ছিলো, পথিমধ্যে কালীগঞ্জ পৌরসভার সামনে এসে নিয়ন্ত্রণ হারিয়ে গাছে ধাক্কা মারে।

স্থানীয়রা তাকে কালীগঞ্জ স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়ার পর তাকে যশোর সদর হাসপাতালে পাঠানো হয়, যশোর সদর হাসপাতালে নেওয়ার পর ডাক্তার রা তাকে মৃত ঘোষনা করেন।

পারিবারিক সূত্রে জানা যায়, গত দুই সপ্তাহ আগে তাকে নতুন মোটরসাইকেল কিনে দেওয়া হয়।

এ বিষয়ে কালীগঞ্জ থানা তে খোজ নিলে জানা যায় এ ঘটনায় কোনো মামলা দায়ের হয়নি।

নিহত তানজিম রহমান সিজান (১৮) কালীগঞ্জ মাহতাব উদ্দিন কলেজের উচ্চমাধ্যমিক ২য় বর্ষের ছাত্র এবং পৌরসভার আড়পাড়া গ্রামের মৃত সার্জেন্ট ওলিয়ার রহমান এর ছেলে।

ঝিনাইদহে হারানো শিশু উদ্ধার করলো পুলিশ

ঝিনাইদহ সদর থানা পুলিশের অভিযানে উদ্ধার হওয়া শিশুটিকে জেলা সমাজ সেবার মাধ্যমে সামাজিক প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্রে হস্তান্তর করা হয়েছে। বুধবার দুপুরে জেলা সমাজ সেবা কার্যালয়ে শিশুটিকে হস্তান্তর করা হয়।

ঝিনাইদহ সদর থানা অফিসার ইনচার্জ মোহাম্মদ মিজানুর রহমান জানান, গত ১১ অক্টোবর শনিাবর ৯৯৯ ফোন পেয়ে ঝিনাইদহ সদর থানা পুলিশ শহরের পায়রা চত্তর এলাকা থেকে পূর্ণিমা (১৩) নামের এক কন্যা শিশুকে উদ্ধার করা হয়। শিশুটির বাড়ি পিরোজপুর জেলার মঠবাড়িয়া থানায় বলে জানা গেছে। পরে শিশুটিকে জেলা সমাজ সেবা কর্যালয়ে হস্তান্তর করা হয়।

জেলা সমাজ সেবা কার্যালয়ের প্রবেশন অফিসার আব্দুল হাই সিদ্দিক জানান, পূর্ণিমা নামের এক শিশুর মানসিক সমস্যা বিবেচনা করে জেলা শিশু কল্যান বোর্ডের সভাপতি ও জেলা প্রশাসক সরোজ কুমার নাথ’র নির্দেশক্রমে শিশুটির মাতা কানন রানী’র উপস্থিতিতে ওই শিশুটিকে জেলা সমাজ সেবার মাধ্যমে কুষ্টিয়া সামাজিক প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্রে হস্তান্তর করা হয়।

[redacted]

[redacted]

ঝিনাইদহে প্রতিবন্ধীদের মাঝে সহায়ক উপকরণ বিতরণ

ঝিনাইদহে প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ারসহ স¦◌াস্থ্য সহায়ক উপকরণ বিতরণ করা হয়েছে।

বুধবার দুপুরে শহরের আরাপপুর প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রে এ উপকরণ বিতরণ করা হয়।

এসময় জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক শেখ আব্দুল লতিফ, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা বাবলুর রহমান, কনসালনেন্ট (ফিজিওথেরাপি) শামীম হোসেনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

এসময় জানানো হয়, জেলার ৬ উপজেলার ১৫০ জন শারিরীক প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার ও ২০ জন শ্রবন প্রতিবন্ধীদের মাঝে হেয়ারএইড বিতরণ করা হয়।

গোড়ার মসজিদ হতে পারে অন্যতম পর্যটন কেন্দ্র

কথিত আছে বারোবাজার নামকরণ পীর খান জাহান আলীর প্রদত্ত। তিনি বারোজন আউলিয়া নিয়ে এখানে প্রথমে এসেছিলেন এবং বারোজন আউলিয়া থেকে বারোবাজার নামকরণ হয়েছিল।

স্থানীয়রা বহু বছর ধরে বারোবাজারের আশেপাশে অনেকগুলো উঁচু উঁচু ঢিবি দেখে আসছিল। এক সময় স্থানীয়দের মনে কৌতুহল জাগে, এই ঢিবির মধ্যে কী আছে? কৌতুহল থেকেই স্থানীয় মানুষজন একটা একটা করে মাটির ডিবি খুঁড়ে বেশ কিছু মসজিদ আবিষ্কার করে। তারই অংশ হিসেবে ১৯৮৩ সালে বাংলাদেশ প্রত্নতত্ত্ব অধিদপ্তর মাটির ঢিবি খনন করে এই চমৎকার একটি মসজিদটি আবিষ্কার করেন।

আগের দিনে ভবন নির্মাণ করতে রড সিমেন্ট ব্যবহার করা হতো না। তাই এ ধরনের স্থাপনার দেওয়ালগুলো থাকত অনেক পুরু। এই মসজিদের দেয়ালও কমপক্ষে ৫ ফুট পুরু এবং বর্গাকৃতির। এই মসজিদে তিনটি দরজা রয়েছে, যার মধ্যে মাঝখানের দরজাটি সবচেয়ে বড়।

মূল ভবনের সঙ্গে চারকোনে আটকোন বিশিষ্ট স্তম্ভ এবং বারান্দার সঙ্গে আরও দুটি স্তম্ভ আছে। মসজিদটির মেহরাব ও দেওয়াল বিভিন্ন নকশা সজ্জিত। মসজিদের অভ্যন্তরে চারি দেওয়ালের সঙ্গে সংযুক্ত আটটি ইটের তৈরী কেবলা দেওয়ালে ও মেহরাবে পোড়া মাটির নকশা, শিকল নকশা,বৃক্ষপত্রাদীর নকশা পুষ্পশোভিত পোড়া মাটির নকশা খঁচিত আছে। মসজিদের পূর্বপাশে একটি বিশাল দীঘি আছে।

এই অপূর্ব মসজিদটির নাম করণ হয় গোড়ার মসজিদ নামে।

স্থানটি সম্পরকে তেমন কোন ইতিহাস সংরক্ষিত নাই। তবে এতটুকু জানা যাই যে, মসজিদ প্রায় ধ্বংসপ্রাপ্ত অবস্থায় সম্পূর্ণ মাটির নিচে ছিল।

যেভাবে যাবেন – ঢাকা থেকে বারো বাজারের সরাসরি ভাল বাস সার্ভিস নাই। তাই যেতে হলে আপনাকে ঢাকা থেকে যশোর আসতে হবে অথবা ঢাকা থেকে দর্শনাগামী বাসে কালিগঞ্জ নেমে যেতে হবে।

যশোর অথবা কালিগঞ্জ থেকে লোকাল বাসে বারো বাজার বাস স্ট্যান্ড নামতে হবে। সেখানে নেমে যে কোন ভ্যান ওয়ালা কে বললেই নিয়ে যাবে। বাস স্ট্যান্ড থেকে মোটামুটি ১.৫ কিমি। ভ্যান ভাড়া প্রতিজন ১০-১৫ টাকা।

হরিণাকুণ্ডুতে দুর্যোগ প্রশমন দিবসে তালবীজ রোপন

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২০ পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে গতকাল মঙ্গলবার সকালে উপজেলার ৪নং দৌলতপুর ইউনিয়নের দৌলতপুর গ্রামের দক্ষিণপাড়া সুনাকুড়ির মাঠে

দূর্যোগ প্রতিরোধে তালবীজ রোপন কর্মসূচীর উদ্ধোধন শেষে উপজেলা প্রশাসনের আয়োজনে র্যালী, অগ্নিনির্বাপক মহড়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানার সভাপতিতে প্রধান অতিথি হিসাবে আলোচনা করেন উপজেলা পরিষদের চেয়ারমান মোঃ জাহাঙ্গীর হোসাইন।

অনান্যদেও মধ্যে উপস্থিত ছিলেন, উপজেলা কৃষি কর্মকর্তা হাফিজ হাসান, ইউপি চেয়ারমান গোলাম মোস্তফা, মোহাম্মদ আলী, নাজমুল হুদা পলাশ, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জামাল হোসাইন, সমাজসেবা কর্মকর্তা মোহাম্মদ হোসেন খাঁন, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম প্রমুখ।

ঝিনাইদহে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালিত

‘দুর্যোগ ঝুঁকিপূর্ণ হ্রাসে সুশাসন, নিশ্চিত করবে টেকসই উন্নয়ন’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালিত হয়েছে।

জেলা প্রশাসনের আয়োজনে গতকাল মঙ্গলবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এসময় জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আরিফ-উজ-জামান, জেলা ত্রাণ ও পুর্নবাসন কর্মকর্তা বজলুর রশিদ, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান।

এসময় বক্তারা, প্রাকৃতিক দুর্যোগ রোধে সকলকে সচেতন হওয়ার পাশাপাশি সুশাসন প্রতিষ্ঠা করতে আহ্বান জানান।